**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date: 16-10-2025** **Desk in Charge : Susmita M.**
**Time : 7.50 PM** **Compiling : DSS**
**DEO : KB** **NR : DSS**

Announcement :- আকাশবাণী / খবর পড়ছিঃ-

## বিশেষ বিশেষ খবর –

১/ রাজ্যে চলতি বছরের জুন থেকে সেপ্টেম্বরের মধ্যে ভোটার তালিকা থেকে শতাধিক বাংলাদেশী নাগরিকের নাম বাদ দেওয়া হয়েছে বলে মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর জানিয়েছে। # ১০ জেলায় প্রাথমিকভাবে শনাক্ত করা হয়েছে মোট ১১২ জন বাংলাদেশী নাগরিককে। # BLO পদে প্রত্যক্ষ রাজনীতির সঙ্গে যুক্ত ব্যক্তিদের নিয়োগ করার বিষয়ে রাজ্যের বিরোধী দলনেতার অভিযোগের প্রেক্ষিতে নির্বাচন কমিশন, রিপোর্ট তলব করেছে।

২/ পশ্চিমবঙ্গ যে উদ্দেশ্যে গড়ে উঠেছিল, তা' বজায় রাখতেই রাজ্যে SIR হওয়া উচিত বলে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার মন্তব্য করেছেন।

৩/ বালি পাচার কাণ্ডে ইডি আজ সকাল থেকে কলকাতা আসানসোল সহ সাত জায়গায় তল্লাশি চালিয়ে প্রচুর নথিপত্র ও টাকা উদ্ধার করেছে।

৪/ উত্তরবঙ্গের মানুষ প্রাকৃতিক দুর্যোগে চরম দুর্দশায় পড়লেও রাজ্য সরকার লোকদেখানো প্রচার নিয়েই ব্যস্ত বলে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী অভিযোগ করেছেন। # এদিকে রাজ্য সরকার উত্তরবঙ্গের পাশাপাশি সব জেলা থেকেই প্রাকৃতিক বিপর্যয়ে ক্ষতিগ্রস্থ বাড়ির তথ্য তলব করেছে।

৫/ স্কুল সার্ভিস কমিশনের ২০১৬ সালের পরীক্ষায় অংশগ্রহণকারী CBSE বোর্ডের স্কুলে কর্মরত চুক্তিভিত্তিক শিক্ষক ও অনিয়মিত শিক্ষকদের, অভিজ্ঞতার জন্য প্রাপ্ত ১০ নম্বর কেন দেওয়া হচ্ছেনা, সে ব্যাপারে SSC-কে হলফনামা জমা দিতে বলেছে কলকাতা হাইকোর্ট।

৬/ ইডেনে, রঞ্জি ট্রফি ক্রিকেটের ম্যাচে দ্বিতীয় দিনের শেষে বাংলা প্রথম ইনিংসে ৬১ রানে এগিয়ে।

*********************************************************************

রাজ্যে চলতি বছরের জুন থেকে সেপ্টেম্বরের মধ্যে মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর, ভোটার তালিকা থেকে শতাধিক বাংলাদেশী নাগরিকের নাম বাদ দিয়েছে।  ১০ জেলায় মোট ১১২ জন বাংলাদেশী নাগরিককে ‘বিদেশী আঞ্চলিক নিবন্ধন অফিস’- FRRO, প্রাথমিকভাবে শনাক্ত করেছে বলে মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর সূত্রে জানা গেছে। সাড়ে সাতশ’ জনেরও বেশি সন্দেহভাজনকে নিয়ে এখনও তদন্ত চলেছে। যে ১০ জেলায় এই বাংলাদেশীদের সনাক্ত করা হয়েছে, সেগুলি হল-উত্তর ও দক্ষিণ ২৪ পরগণা, নদীয়া, হুগলী, পূর্ব বর্ধমান, পূর্ব মেদিনীপুর, মুর্শিদাবাদ, মালদা, উত্তর দিনাজপুর এবং কোচবিহার।

উল্লেখ্য, কলকাতা, মুম্বাই এবং দিল্লীর বিমানবন্দরে সম্প্রতি ইমিগ্রেশন অর্থাৎ নথিপত্র যাচাই-এর সময় বাংলাদেশী নাগরিকদের ভারতীয় ভোটার কার্ডের ব্যাপারটি প্রকাশ্যে আসে। কিছু বাংলাদেশী নাগরিকের কাছে সেদেশের পাসপোর্টের পাশাপাশি ভারতীয় ভোটার কার্ডও পাওয়া গেছে। পড়ে তাঁদের জিজ্ঞাসাবাদের জন্য আটক করা হয়।

বাংলাদেশী নাগরিকের কাছে এই ভারতীয় ভোটার কার্ড থাকা, নির্বাচন কমিশনের কাছে উদ্বেগের কারণ হয়ে দাঁড়িয়েছে।

************************

বুথ লেভেল অফিসার পদে প্রত্যক্ষ রাজনীতির সঙ্গে যুক্ত ব্যক্তিদের নিয়োগ করার বিষয়ে রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর অভিযোগের প্রেক্ষিতে নির্বাচন কমিশন রিপোর্ট তলব করেছে। বিরোধী দলনেতা আজ নিজের এক্স হ্যান্ডেলে খড়গপুর সদর বিধানসভা কেন্দ্রের আটজন বুথ লেভেল অফিসারের নাম উল্লেখ করে, তাদের বিরুদ্ধে খোলাখুলি তৃণমূল কংগ্রেসের বৈঠকে যোগ দেওয়ার অভিযোগ তোলেন। এ বিষয়ে নির্বাচন কমিশনের দৃষ্টি আকর্ষণ করেছেন তিনি। এ প্রসঙ্গে রাজ্যের অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারিক অরিন্দম নিয়োগী জানান, বিষয়টি ইতিমধ্যেই তাদের নজরে এসেছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসনের কাছে এ ব্যাপারে রিপোর্ট তলব করা হয়েছে।

উল্লেখ্য, পশ্চিম মেদিনীপুরের খড়গপুর সদর বিধানসভা কেন্দ্রে, তৃণমূল কংগ্রেসের দেবাশীষ চৌধুরী আজ ৮ জন বুথ লেভেল আধিকারিক BLO-র সঙ্গে বৈঠক করেন। এই ঘটনায় খড়গপুর শহরে চাঞ্চল্য ছড়ায়।
বিজেপির পশ্চিম মেদিনীপুরের জেলা সহ-সভাপতি শংকর গুছাইত ঐ ৮জন BLO-র বিরুদ্ধে দ্রুত ব্যবস্থা গ্রহণের দাবি জানিয়েছেন। নির্বাচন কমিশন এবং পশ্চিম মেদিনীপুরের জেলা শাসককে অভিযোগও জানিয়েছেন তিনি।

*************************

ভোটকর্মী ঐক্য মঞ্চ, কর্তব্যরত অবস্থায় বুথ লেভেল অফিসার বা BLO দের সঙ্গে একাধিক সামরিক বাহিনী রাখার দাবি জানিয়েছে। মঞ্চের সাধারণ সম্পাদক স্বপন মন্ডলের নেতৃত্বে এক প্রতিনিধি দল আজ রাজ্যের অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারিক দিব্যেন্দু দাস এর সঙ্গে দেখা করে এই দাবি জানান। পাশাপাশি, SIR-এর ব্যাপারে যাঁরা প্রতিবন্ধকতা তৈরি বা আক্রমণাত্মক মন্তব্য করছে, তাঁদের সঙ্গে সঙ্গে গ্রেপ্তার করা এবং কোনো বৈধ ভোটার যাতে তালিকা থেকে বাদ না যায় তা নিশ্চিত করার দাবি জানানো হয়। অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারিক দিব্যেন্দু দাস, ভোট কর্মী ঐক্য মঞ্চের অভিযোগগুলি নিয়ে আলোচনা করেন এবং BLO-দের নিরাপত্তার আশ্বাস দিয়েছেন বলে মঞ্চের সম্পাদক স্বপন মন্ডল জানিয়েছেন।

*************************

পশ্চিমবঙ্গ যে উদ্দেশ্যে গড়ে উঠেছিল, তা’ বজায় রাখতেই রাজ্যে SIR হওয়া উচিত বলে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার মন্তব্য করেছেন। নতুন দিল্লিতে আজ সাংবাদিকদের প্রশ্নের উত্তরে তিনি বলেন, শুধুমাত্র ভোটের নিরিখে নয়, পশ্চিমবঙ্গ গড়ে ওঠার উদ্দেশ্য বজায় রাখতেই SIR হওয়া প্রয়োজন। তাঁর অভিযোগ, ২০০২-এর ভোটার তালিকার সঙ্গে বর্তমান ভোটার তালিকার যথেষ্ট অসঙ্গতি রয়েছে। ২০০২-এর তালিকায়

যাদের নাম ছিল না, এখনকার তালিকায় তাঁদের নাম পাওয়া গেছে। এই তথ্যই প্রমাণ করে, রাজ্যে SIR হওয়া কতটা প্রয়োজন।

( বাইট- সুকান্ত )

এদিকে, বিজেপির রাজ্য মুখপাত্র দেবজিৎ সরকার আজ কলকাতায় এক সাংবাদিক বৈঠকে জানিয়েছেন, SIR -এর প্রক্রিয়া যত এগোচ্ছে তৃণমূল কংগ্রেস ততই অদ্ভুত আচরণ করছে। কোনো ভোটারের নাম তালিকা থেকে বাদ দেওয়া যাবে না বলে মুখ্যমন্ত্রী যে দাবি করছেন, তার অর্থ বাংলাদেশী অনুপ্রবেশকারী, রোহিঙ্গা, মৃত এবং স্থায়ীভাবে অন্যত্র চলে যাওয়া ভোটারদের নাম তালিকায় রাখতে হবে। SIR হলে তৃণমূল কংগ্রেসের ভুয়ো ভোট বন্ধ হয়ে যাবে। তাই এই ধরনের পরিস্থিতি তৈরি করে শাসকদল, মানুষকে বিভ্রান্ত করার চেষ্টা করছে বলে দেবজিৎ বাবুর অভিযোগ।

************************

বালি পাচার কান্ডে এনফোর্সমেন্ট নির্দেশালয়- ইডি আজ সকাল থেকে কলকাতা, আসানসোল সহ সাতটি জায়গায় তল্লাশি চালায়।
কলকাতার বেন্টিক স্ট্রীটে চার্টার্ড একাউটেন্ট একরাজ কুমার আগরওয়ালের বাড়িতে কিছুক্ষণ আগে অভিযান শেষ হয়েছে। উদ্ধার হয়েছে প্রচুর নথিপত্র। লালগড়েও সৌরভ রায়ের খাদানে তল্লাশি চালিয়ে অনেক নথি পাওয়া যায়। গোপিবল্লভপুরে অরুণ শরাফের অফিস, আসানসোলে মনীশ বাগারিয়ার বাড়ি এবং মেদিনীপুর ও ঝাড়গ্রামে এখনো তল্লাশি চলেছে। আসানসোল থেকে উদ্ধার হয়েছে প্রচুর টাকাও।

************************

উত্তরবঙ্গের মানুষ প্রাকৃতিক দুর্যোগে চরম দুর্দশায় পড়লেও রাজ্য সরকার লোকদেখানো প্রচার নিয়েই ব্যস্ত বলে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী অভিযোগ করেছেন। তিনি

আজ জলপাইগুড়ির ধূপগুড়ির বন্যা কবলিত গ্রাম পরিদর্শন করেন। কথা বলেন ক্ষতিগ্রস্ত পরিবারগুলির সঙ্গে। দুর্ঘটনায় মৃতদের পরিবারের হাতে আর্থিক সহায়তা বাবদ ২ লক্ষ টাকার চেক'ও তুলে দেন শুভেন্দু। এর আগে বিরোধী দলনেতা সাংবাদিকদের বলেন, এই দুর্যোগে সরকার মানুষকে বাস্তব সহায়তা দিতে ব্যর্থ হয়েছে। তারা শুধুমাত্র লোকদেখানো নাটক করছে।

( বাইট-শুভেন্দু )

এর আগে বাগডোগরা বিমান বন্দরে বৃষ্টি ধ্বসে ক্ষতিগ্রস্ত পাহাড়ে স্থায়ী সমাধানের আশ্বাস দেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। সাংবাদিকদের তিনি বলেন, বৃহস্পতিবার জলপাইগুড়ি জেলায় এক কর্মসূচিতে যোগ দিতে গিয়ে বাগডোগরা বিমানবন্দরে তিনি জানান, পাহাড়ে যে পরিমাণ ক্ষয়ক্ষতি হয়েছে, রাজ্য সরকারের দেওয়া আর্থিক সাহায্য তা মোকাবিলার জন্য যথেষ্ট নয়। প্রতিটি ক্ষতিগ্রস্ত পরিবারকে কমপক্ষে ৫ লক্ষ টাকা করে দেওয়া উচিত। বিরোধী দলনেতা আজ সাংসদ খগেন মুর্মুকে দেখতে যান। তাঁর সঙ্গে কথা বলার পাশাপাশি খোঁজ খবর নেন তাঁর স্বাস্থ্য সম্পর্কেও।

এদিকে, উত্তরবঙ্গ সফররত মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজ দার্জিলিং-এ মহাকাল মন্দিরে পুজো দেন। আগামীকাল তাঁর কলকাতায় ফেরার কথা।

*************************

রাজ্য সরকার, উত্তরবঙ্গের পাশাপাশি এবার সব জেলা থেকেই প্রাকৃতিক বিপর্যয়ে ক্ষতিগ্রস্ত বাড়ির ব্যাপারে তথ্য তলব করেছে। পঞ্চায়েত দফতরের পক্ষ থেকে সংশ্লিষ্ট জেলা প্রশাসনের কাছে ইতমধ্যেই এ সংক্রান্ত তথ্য চাওয়া হয়েছে। প্রাকৃতিক বিপর্যয়ে যাদের বাড়ি সম্পূর্ণ ভেঙে পড়েছে, সরকারের পক্ষ থেকে তাঁদের ১ লক্ষ ২০ হাজার টাকা করে ক্ষতিপূরণ দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। 'বাংলার বাড়ি প্রকল্পের মডেল অনুসরণে বিপর্যয় মোকাবিলা তহবিল থেকে এই অর্থ দেওয়া হবে।

নবান্ন সূত্রে জানা গেছে, ক্ষতিপূরণ দানের এই প্রক্রিয়ায় মূল ভূমিকা পঞ্চায়েত দফতরের। সেকারণেই ক্ষয়ক্ষতির এই বিস্তারিত তথ্য তলব ।

উল্লেখ্য, সম্প্রতি উত্তরবঙ্গে টানা বৃষ্টি ও ধসে ব্যাপক ক্ষয়ক্ষতির পাশপাশি দক্ষিণবঙ্গেও প্রাকৃতিক দুর্যোগে বহু বাড়ি ক্ষতিগ্রস্ত হয়।

*************************

স্কুল সার্ভিস কমিশনের ২০১৬ সালের পরীক্ষায় অংশগ্রহণকারী CBSE বোর্ডের স্কুলে কর্মরত, চুক্তিভিত্তিক শিক্ষক ও অনিয়মিত শিক্ষকদের, অভিজ্ঞতার জন্য প্রাপ্ত ১০ নম্বর কেন দেওয়া হচ্ছেনা, সে ব্যাপারে SSC–কে হলফনামা জমা দিতে বলেছে কলকাতা হাইকোর্ট। বিচারপতি স্মিতা দাস দে-র অবকাশকালীন বেঞ্চ, SSC-কে বক্তব্য জানানোর পাশাপাশি জেলার ডিস্ট্রিক্ট ইনসপেক্টর বা ডিআই-কে নির্দেশ দিয়েছে, কতজন স্থায়ী পদে নিযুক্ত, তা আদালতকে জানাতে হবে। পুজার ছুটি শেষের ১০দিন পর এই মামলার শুনানি হবে।

উল্লেখ্য, স্কুল সার্ভিস কমিশন, চাকরি বাতিলের পর নতুন পরীক্ষা গ্রহণের যে রুল তৈরি করে, তাতে অভিজ্ঞতার জন্য ১০ নম্বর দেওয়ার কথা বলে। কিন্তু সিবিএসসি বোর্ডের শিক্ষক, চুক্তিভিত্তিক শিক্ষক এবং অনিয়মিত শিক্ষকদের সেই নম্বর দেওয়া হচ্ছেনা দাবি করে হাইকোর্টের দ্বারস্থ হয়েছিলেন মোট ২৪ জন পরীক্ষার্থী। তাদের মামলাতেই এই নির্দেশ।

*************************

ইডেনে, রঞ্জি ট্রফি ক্রিকেটের ম্যাচে বাংলা, উত্তরাখণ্ডের বিরুদ্ধে প্রথম ইনিংসে এগিয়ে গেছে। দ্বিতীয় দিনের শেষে বাংলা প্রথম ইনিংসে ৬১ রানে এগিয়ে। বাংলা আজ এক উইকেটে ৮ রান নিয়ে দ্বিতীয় দিনের খেলা শুরু করে, দিনের শেষে ৬ উইকেটে ২৭৪ রান করে। সুদীপ চ্যাটার্জি ৯৮ রান করেন। সুমন্ত গুপ্ত ৮২ রানে অপরাজিত আছেন। উত্তরাখণ্ডের হয়ে দেবেন্দ্র সিং বোরা চার উইকেট নিয়েছেন।

উল্লেখ্য, গতকাল প্রথম দিন উত্তরাখণ্ডের প্রথম ইনিংস ২১৩ রানে শেষ হয়।

*********************************************************************